গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

ঢাকা, বৃহস্পতিবার ১ ডিসেম্বর ২০১৬, ১৭ অগ্রহায়ণ ১৪২৩

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বিদেশে দেশের রাষ্ট্রদূত হিসেবে কাজ করুন : প্রবাসীদের প্রতি প্রধানমন্ত্রী

২। প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশে ফিরেছেন

৩। সন্ত্রাসবাদ মোকাবিলায় বাংলাদেশ জিরো টলারেন্স নীতি বজায় রাখছে : রাষ্ট্রপতি

৪। রিজার্ভের চুরির অর্থ ফেরত পেতে আন্তর্জাতিক আদালতে মামলার চিন্তা : অর্থমন্ত্রী

৫। আগামী ৮ বছরের মধ্যে দেশে দরিদ্র লোক থাকবে না : পিকেএসএফের অনুষ্ঠানে অর্থমন্ত্রী

৬। বাংলাদেশ থেকে তৈরি পোশাক নেবে স্লোভেনিয়া : বাণিজ্যমন্ত্রী

৭। পার্বত্য চট্টগ্রামকে অশান্ত করতে চক্রান্ত চলছে : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী

৮। প্রধানমন্ত্রীকে বহনকারী প্লেনে যান্ত্রিক ত্রুটির ঘটনায় ৬ জন সাসপেন্ড
দায়ীদের সর্বোচ্চ শাস্তি পেতে হবে : বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রী

৯। মন্ত্রিসভায় সাত সরকারি ক্রয় প্রস্তাব অনুমোদন

১০। দুই ভাগ হলো শিক্ষা মন্ত্রণালয়

১১। ঈদে মিলাদুন্নবী আগামী ১৩ ডিসেম্বর

১২। ইউনেস্কো ঘোষিত ঐতিহ্যের তালিকায় বর্ষবরণের মঙ্গল শোভাযাত্রা

১৩। বিশ্ব এইডস দিবস আজ

**১।	বিদেশে দেশের রাষ্ট্রদূত হিসেবে কাজ করুন : প্রবাসীদের প্রতি প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আওয়ামী লীগকে পুনরায় রাষ্ট্রীয় ক্ষমতায় আনতে প্রচার কার্যক্রম চালানোর জন্য দলীয় নেতা-কর্মীদের প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, আওয়ামী লীগ ক্ষমতায় থাকলে দেশের উন্নয়ন অব্যাহত থাকবে। অন্য কোনো দল ক্ষমতায় আসলে দেশ পিছিয়ে পড়বে। তিনি বিদেশে দেশের ভাবমূর্তি অধিকতর উজ্জ্বল করতে ইউরোপের বিভিন্ন দেশে প্রবাসী বাংলাদেশিদের দেশের রাষ্ট্রদূত হিসেবে কাজ করার আহ্বান জানিয়ে বলেন, 'আপনাদের নিজেদেরকে রাষ্ট্রদূতের মতো করে বিদেশে দেশের ভাবমূর্তি তুলে ধরতে হবে'। গত ২৯ নভেম্বর মঙ্গলবার হাঙ্গেরির রাজধানী বুদাপেস্টে ফোর সিজনস হোটেলে অল ইউরোপিয়ান আওয়ামী লীগ আয়োজিত নাগরিক সংবর্ধনায় তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.১)।

ইত্তেফাক, সমকাল, জনকণ্ঠ, এশিয়ান এজসহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**২।	প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশে ফিরেছেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা হাঙ্গেরির রাজধানী বুদাপেস্টে চারদিনের সরকারি সফর শেষে দেশে ফিরেছেন। প্রধানমন্ত্রী ও তার সফরসঙ্গীদের বহনকারী বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ভিভিআইপি ফ্লাইট আকাশ প্রদীপে গতকাল ৩০ নভেম্বর বুধবার রাত এগারোটায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। এর আগে ফ্লাইটটি স্থানীয় সময় সকাল সোয়া দশটায় (বাংলাদেশ সময় বিকাল সোয়া তিনটায়) বুদাপেস্ট ফিরেন্স লিজট ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট ত্যাগ করে। প্রধানমন্ত্রীকে বিদায় জানাতে অন্যান্যের মধ্যে বঙ্গবন্ধুর ছোট মেয়ে শেখ রেহানা ও হাঙ্গেরিতে নিযুক্ত রাষ্ট্রদূত এম আবু জাফর বিমানবন্দরে উপস্থিত ছিলেন। হাঙ্গেরির সশস্ত্র বাহিনীর সদস্যরা বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে গার্ড অব অনার প্রদান করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **ইনকিলাব** (পৃ.১,ক.৮), **অবজারভার** (শেষ পৃ.,ক.৬), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১)।

**৩।	সন্ত্রাসবাদ মোকাবিলায় বাংলাদেশ জিরো টলারেন্স নীতি বজায় রাখছে : রাষ্ট্রপতি**

সকল ধরনের সন্ত্রাসবাদ মোকাবিলায় বাংলাদেশ জিরো টলারেন্স নীতি বজায় রাখছে। গতকাল ৩০ নভেম্বর বুধবার ভারতীয় প্রতিরক্ষামন্ত্রী মনোহর পারিকর বঙ্গভবনে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সাথে সাক্ষাৎ করতে গেলে তিনি একথা বলেন। সাক্ষাৎ শেষে প্রেসিডেন্টের প্রেস সচিব মোহাম্মদ জয়নাল আবেদিন জানান, মন্ত্রীকে বঙ্গভবনে স্বাগত জানিয়ে রাষ্ট্রপতি বলেন, সকল ধরনের সন্ত্রাসবাদ মোকাবিলায় বাংলাদেশ জিরো টলারেন্স নীতি বজায় রাখছে। তিনি কাশ্মিরের উরি সেনা ঘাঁটিতে কাপুরুষোচিত সন্ত্রাসী হামলা এবং ভারতের পাঠানকোট বিমান ঘাঁটিতে হামলায় সমবেদনা জানান। বাংলাদেশ ও ভারতের মধ্যে বিদ্যমান চমৎকার দ্বিপক্ষীয় সম্পর্কের উল্লেখ করে বলেন, এই সম্পর্ক ক্রমান্বয়ে বিস্তৃত হচ্ছে। তিনি দু'দেশের সশস্ত্র বাহিনীর মধ্যে সম্পর্ক বাড়াতে প্রশিক্ষণের জন্য বাংলাদেশে আরো ভারতীয় সামরিক অফিসার পাঠানোর আহ্বান জানান। এ সময় মনোহর পারিকর ভারত ও বাংলাদেশের মধ্যকার প্রতিরক্ষা সম্পর্ক জোরদারে যৌথ উদ্যোগ গ্রহণের ওপর জোর দিয়ে সন্ত্রাসবাদকে আন্তর্জাতিক সমস্যা হিসেবে উল্লেখ করে বলেছেন, ভারত এ অঞ্চলে শান্তি প্রতিষ্ঠায় কাজ করছে। সূত্র-**ইনকিলাব** (পৃ.১ ক. ৬), **প্রথম আলো** (পৃ.২,ক.৩), **ডেইলি স্টার** (পৃ.২,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১)। **প্রথম আলো, যুগান্তর, ডেইলি স্টার, এশিয়ান এজ, ফিনানশিয়াল একপ্রেস**সহ অধিকাংশ পত্রিকা ছবিসহ খবর ছেপেছে।

**৪।	রিজার্ভের চুরির অর্থ ফেরত পেতে আন্তর্জাতিক আদালতে মামলার চিন্তা : অর্থমন্ত্রী**

রিজার্ভের চুরির অর্থ ফেরত পেতে ফেডারেল রিজার্ভ ব্যাংকের বিরুদ্ধে আন্তর্জাতিক আদালতে মামলা করার চিন্তা ভাবনা করা হচ্ছে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি অভিযোগ করে বলেছেন, যুক্তরাষ্ট্রের এই ব্যাংকে রক্ষিত বাংলাদেশের রিজার্ভের অর্থ আরসিবিসির মাধ্যমে সরানো হয়। এখন রিজার্ভ থেকে চুরি যাওয়া অর্থ ফেরত প্রদানে ফিলিপিন্সের রিজাল কমার্শিয়াল ব্যাংকিং কর্পোরেশন কর্তৃপক্ষ (আরসিবিসি) বিস্ময়করভাবে ইউটার্ন নিয়েছে। গতকাল ৩০ নভেম্বর বুধবার সচিবালয়ে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক শেষে অর্থমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **সংবাদ** (পৃ.১,ক.৩), **অবজারভার** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)। **এশিয়ান এজ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৫।	আগামী ৮ বছরের মধ্যে দেশে দরিদ্র লোক থাকবে না : পিকেএসএফের অনুষ্ঠানে অর্থমন্ত্রী**

আগামী ৮ বছরের মধ্যে বাংলাদেশে আর কোনো দরিদ্র লোক থাকবে না বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। গতকাল ৩০ নভেম্বর বুধবার রাজধানীর পিকেএসএফ মিলনায়তনে মঙ্গা নিরসনে সমন্বিত উদ্যোগ কর্মসূচির সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। অর্থমন্ত্রী বলেন, দরিদ্র লোক না

থাকার মানে এই নয়, একেবারে দরিদ্র থাকবে না। কিছু সংখ্যক বৃদ্ধ, বয়স্ক, প্রতিবন্ধি থেকেই যাবে যারা বিশ্বব্যাপী রাষ্ট্রের ওপর নির্ভরশীল। আমরা এসব লোকের কীভাবে বন্দোবস্ত করা যায় সে উদ্যোগ নিচ্ছি। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৯,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান বিজনেস পাতা** (পৃ.১,ক.৬), **ফিনানশিয়াল একপ্রেস** (পৃ.৮,ক.৫)।

৬। বাংলাদেশ থেকে তৈরি পোশাক নেবে স্লোভেনিয়া : বাণিজ্যমন্ত্রী

স্লোভেনিয়ায় বাংলাদেশের তৈরি পোশাকের প্রচুর চাহিদা রয়েছে উল্লেখ করে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, বাংলাদেশ সেখানে রপ্তানি বৃদ্ধির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। গতকাল ৩০ নভেম্বর বুধবার সচিবালয়ে ঢাকায় সফররত স্লোভেনিয়ার কৃষি, বন ও খাদ্যবিষয়ক উপমন্ত্রী তানজা স্ট্রেনিসা-এর সঙ্গে মতবিনিময় শেষে বাণিজ্যমন্ত্রী এ কথা বলেন। স্লোভেনিয়ার উপমন্ত্রী বলেন, তার দেশে বাংলাদেশের তৈরি পোশাকের প্রচুর চাহিদা রয়েছে। স্লোভেনিয়া বাংলাদেশের তৈরি পোশাক আরো আমদানির উদ্যোগ গ্রহণ করবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৩)।

৭। পার্বত্য চট্টগ্রামকে অশান্ত করতে চক্রান্ত চলছে : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, বাংলাদেশকে অস্থিতিশীল করে তুলতে পার্বত্য চট্টগ্রামকে অশান্ত করার দেশি-বিদেশি চক্রান্ত চলছে। একাত্তরে পরাজয়ের প্রতিশোধ নিতে কোনো কোনো বিদেশি গোয়েন্দা সংস্থা পাহাড়ে সক্রিয় রয়েছে। তিনি পাহাড়ে এই অশান্তি সৃষ্টিকারীদের প্রশ্রয় না দিতে সন্তু লারমার প্রতি আহ্বান জানান। গতকাল ৩০ নভেম্বর বুধবার রাঙামাটি পৌরসভা চত্বরে আওয়ামী লীগের সংবর্ধনা ও কর্মিসভায় প্রধান অতিথির বক্তব্যে সেতুমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সমকাল (পৃ,২ ক.১), ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৪), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১)।

৮। প্রধানমন্ত্রীকে বহনকারী প্লেনে যান্ত্রিক ক্রুটির ঘটনায় ৬ জন সাসপেন্ড
দায়ীদের সর্বোচ্চ শাস্তি পেতে হবে : বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বহনকারী উড়োজাহাজে মধ্য আকাশে যান্ত্রিক গোলযোগের কারণ হিসেবে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের অদক্ষতাকে দায়ী করেছেন বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রী রাশেদ খান মেনন। গতকাল ৩০ নভেম্বর বুধবার মন্ত্রণালয়ে এক সাংবাদিক সম্মেলনে তিনি ঘটনা তদন্তের জন্য গঠিত বিমানের তদন্ত কমিটির প্রাথমিক রিপোর্ট প্রকাশ করতে গিয়ে একথা জানান। এদিকে তদন্ত রিপোর্টে বিমানের সংশ্লিষ্ট ৬ জন কর্মকর্তাকে দায়ী করার পরিপ্রেক্ষিতে গতকাল ৩০ নভেম্বর বুধবার তাদেরকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। মন্ত্রী বলেন, এই ঘটনায় বিমানের আরো কিছু কর্মকর্তা জড়িত থাকতে পারেন। চূড়ান্ত তদন্ত রিপোর্ট পাওয়ার পর তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। তিনি বলেন, এ ঘটনার জন্য যারা দায়ী তাদের সর্বোচ্চ শাস্তি পেতে হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **প্রথম আলো** (শেষ পৃ.,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৭)। **যুগান্তর, যায়যায়দিন, জনকণ্ঠ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৯। মন্ত্রিসভায় সাত সরকারি ক্রয় প্রস্তাব অনুমোদন

পদ্মা সেতু রেল সংযোগ প্রকল্পে ৯৪০ কোটি টাকা ব্যয়ে পরামর্শক নিয়োগসহ মোট সাতটি ক্রয় প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। গতকাল ৩০ নভেম্বর বুধবার সচিবালয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে এ প্রস্তাবগুলো অনুমোদন দেওয়া হয়েছে। বৈঠকে কমিটির সদস্য, মন্ত্রিপরিষদ বিভাগের সিনিয়র সচিবসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিবরা উপস্থিত ছিলেন। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৮)।

১০। দুই ভাগ হলো শিক্ষা মন্ত্রণালয়

শিক্ষা মন্ত্রণালয়কে দুই ভাগে ভাগ করেছে সরকার। 'মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ' এবং 'কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ' নামে দুই ভাগ করা হয়েছে। গতকাল ৩০ নভেম্বর বুধবার মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে। এতে বলা হয়েছে, রুলস অব বিজনেস, ১৯৯৬-এ রুলস ৩-এ প্রদত্ত ক্ষমতাবলে প্রধানমন্ত্রী শিক্ষা মন্ত্রণালয়কে পুনর্গঠন করে উক্ত মন্ত্রণালয়ের অধীন দু'টি বিভাগ গঠন করেছেন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ইংরেজি নাম হবে Secondary and Higher Education Division এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নাম হবে Technical and Madrasah Education Division. সূত্র-**ইনকিলাব (**শেষ পৃ. ক. ৫), **প্রথম আলো** (পৃ.৩,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৪), **নিউ এজ** (পৃ.৩,ক.৬)।

১১। ঈদে মিলাদুন্নবী আগামী ১৩ ডিসেম্বর

আগামী ১৩ ডিসেম্বর দেশে পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) পালিত হবে। বাংলাদেশের আকাশে গতকাল ৩০ নভেম্বর বুধবার সন্ধ্যায় রবিউল আউয়াল মাসের চাঁদ দেখা যায়নি। এ কারণে আগামীকাল ২ ডিসেম্বর শুক্রবার থেকে

রবিউল আউয়াল মাস গণনা শুরু হবে। বায়তুল মুকাররমে ইসলামিক ফাউন্ডেশনের সভাকক্ষে গতকাল ৩০ নভেম্বর বুধবার সন্ধ্যায় জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। এতে সভাপতিত্ব করেন ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের যুগ্ম সচিব জাকির আহমেদ। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৮), **সমকাল** (শেষ পৃ.,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

১২। ইউনেস্কো ঘোষিত ঐতিহ্যের তালিকায় বর্ষবরণের মঙ্গল শোভাযাত্রা

জাতিসংঘ সংস্থা ইউনেস্কোর ঘোষিত ঐতিহ্যের তালিকায় এবার স্থান করে নিয়েছে বাংলাদেশের বাংলা বর্ষবরণের অন্যতম অনুষঙ্গ মঙ্গল শোভাযাত্রা। গতকাল ৩০ নভেম্বর বুধবার এক বিতর্ক অনুষ্ঠানের মধ্য দিয়ে এ স্বীকৃতি দেয় ইউনেস্কো। ইউনেস্কোর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, ইথিওপিয়ার আদ্দিস আবাবায় বিশ্বের সাংস্কৃতিক ঐতিহ্য রক্ষায় আন্তঃদেশীয় কমিটির একাদশ বৈঠকে রিপ্রেজেন্টেটিভ লিস্ট অব ইন্টেনজিয়েবল কালচারাল হেরিটেজ অব হিউমিনিটির তালিকায় বাংলাদেশের মঙ্গল শোভাযাত্রা অন্তর্ভুক্ত হয়েছে। এর আগে ইউনেস্কোর ইন্টেনজিয়েবল কালচারাল হেরিটেজ'র তালিকায় বাংলাদেশের কারুশিল্প জামদানি এবং বাউল গানও স্থান পায়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪)।

১৩। বিশ্ব এইডস দিবস আজ

আজ **১** ডিসেম্বর বৃহস্পতিবার পালিত হচ্ছে বিশ্ব এইডস দিবস। এ উপলক্ষে জনসচেতনতার আহ্বান জানিয়ে পৃথক বাণী দিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দেশে এইচআইভি সংক্রমণের হার এখনও কম হলেও আশঙ্কামুক্ত নয় বলে জানিয়েছেন বিশেষজ্ঞরা। তারা বলেছেন, দেশে দ্রুতহারে এইচআইভি সংক্রমণ ছড়িয়ে পড়বার সমস্ত কারণ ও ঝুঁকিপূর্ণ আচরণ বিদ্যমান রয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৯ ক.১), **প্রথম আলো** (শেষ পৃ.,ক.২), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৮), **ডেইলি স্টার** (পৃ.৪,ক.৩)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** বায়ুদূষণসহ অন্যান্য দূষণ রোধে দূষণসৃষ্টিকারী কলকারখানা দ্রুত নগরের বাইরে স্থাপন, ফিটনেসবিহীন গাড়ির অনুমোদন বাতিল করাসহ নিজেদের নাগরিকবোধ জাগ্রত করার আহ্বান।

খ. **সংবাদ :** ভারতের একাধিক টেলিভিশন চ্যানেলে বাংলাদেশি পণ্যের বিজ্ঞাপন প্রচারের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার সুপারিশ ।

গ. **সমকাল, জনকণ্ঠ : যুগান্তর :** হাঙ্গেরির বুদাপেস্টে পানি সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সাত দফা কার্যক্রম তুলে ধরে পানির আন্তর্জাতিক ব্যবস্থাপনার ওপর জোর দিয়ে যে প্রস্তাব রেখেছেন তা যথাযথ চিন্তাপ্রসূত ও বাস্তবোচিত বলে অভিমত প্রকাশ করে পানির বৈশ্বিক ব্যবস্থাপনায় একটি সহযোগিতামূলক শক্ত কাঠামোর উদ্যোগ গড়ে উঠার প্রত্যাশা।

ঘ. **প্রথম আলো :** রাজধানীর গেন্ডারিয়া থেকে নারায়ণগঞ্জ পর্যন্ত রেলপথের দুই পাশের সব অবৈধ স্থাপনা উচ্ছেদ জরুরি বলে অভিমত।

ঙ. **যুগান্তর, ইনকিলাব :** সকলের কাছে গ্রহণযোগ্য , দায়িত্বশীল ও ন্যায়নিষ্ঠ নির্বাচন কমিশন গঠনে সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে দায়িত্ব পালনের প্রত্যাশা।

চ. **অবজারভার, ইন্ডিপেনডেন্ট :** ব্রাজিলের বিমান দুর্ঘটনায় হতাহতের ঘটনায় শোক ও সমবেদনা জানিয়ে সম্প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তাঁর সফরসঙ্গীদের বহনকারী বিমানের জরুরী অবতরণের বিষয়টি উল্লেখ করে বিমানের নিরাপত্তা নিশ্চিতকরণে উড্ডয়নের আগেই সবগুলো বিমানের ত্রুটি বিচ্যুতি পরীক্ষা করার পরামর্শ।

ছ. **ডেইলি স্টার :** সম্প্রতি বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরির ঘটনায় জড়িত ফিলিপাইনের রিজাল কমার্শিয়াল ব্যাংকিং কর্পোরেশন (RCBC) বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তাদের অবহেলার কারণে রিজার্ভ চুরির ঘটনা ঘটেছে এ অভিযোগে রির্জাভ ফেরত দিতে অস্বীকৃতি জানানোয় তীব্র নিন্দা জানিয়ে এর দায় RCBC এড়াতে পারেনা বলে উল্লেখ করে এ ঘটনার তদন্ত প্রতিবেদন জনসম্মুখে প্রকাশের দাবি।

জ. **ইন্ডিপেনডেন্ট :** বাংলাদেশে সনাক্তকৃত এইডস রোগীর সংখ্যা কম হলেও বেশিরভাগ এইডস রোগী এখনো সনাক্ত হয়নি এ বিষয়টি ভয়াবহ উল্লেখ করে এ রোগে আক্রান্ত ব্যক্তিদের প্রতি বৈষম্যমূলক আচরণ বন্ধের আহ্বান।

উপ-সম্পাদকীয়

সমকাল পত্রিকায় প্রকাশিত কলামে পাঠ্যবই বয়স ও শ্রেণির উপযোগী করে যেমন প্রণয়ন করতে হবে, তেমনি তার ভাব হতে হবে প্রাঞ্জল, সুখপাঠ্য ও আকর্ষণীয় বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **'রোহিঙ্গা সমস্যা প্রসঙ্গে'** শিরোনামের নিবন্ধে ড. মো. ইকবাল হোছাইন রাখাইনের রোহিঙ্গাদের সমস্যার প্রশ্নটি বাংলাদেশের আর্থ-সামাজিক ও নিরাপত্তার উপর প্রভাব ফেলায় বর্তমানে সরকারের অপেক্ষাকৃত কঠোর মানবিক দৃষ্টিভঙ্গি সঠিক পথেই এগুচ্ছে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৬/৯.০০ ঘণ্টা